

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৩৬৬

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩১৬. রাতের (তাহজ্জ্বদ) সালাত সম্পর্কে

باب فِي صَلَاةِ اللَّيْلِ

আরবী

حَدَّثَنَا الْقَعْنَبِيُّ، عَنْ مَالِكِ، عَنْ عَبْدِ اللهِ بْنِ أَبِي بَكْرٍ، عَنْ أَبِيهِ، أَنَّ عَبْدَ اللهِ بْنِ قَيْسِ بْنِ مَخْرَمَةَ، أَخْبَرَهُ عَنْ زَيْدِ بْنِ خَالِدِ الْجُهَنِيِّ، أَنَّهُ _ قَالَ _ لأَرْمُقَنَّ صَلَاةَ رَسُولِ اللهِ صلى مَخْرَمَةَ، أَخْبَرَهُ عَنْ زَيْدِ بْنِ خَالِدِ الْجُهَنِيِّ، أَنَّهُ _ قَالَ _ لأَرْمُقَنَّ صَلَلَى رَسُولُ اللهِ صلى الله الله عليه وسلم اللَّيْلَةَ، قَالَ : فَتَوَسَّدْتُ عَتَبْتَهُ أَوْ فُسْطَاطَهُ، فَصلَلَّى رَسُولُ اللهِ صلى الله عليه وسلم رَكْعَتَيْنِ خَفِيفَتَيْنِ، ثُمَّ صلَلَّى رَكْعَتَيْنِ طَوِيلَتَيْنِ طَويلَتَيْنِ طَويلَتَيْنِ طَويلَتَيْنِ مَلَى الله رَكْعَتَيْنِ وَهُمَا دُونَ اللَّتَيْنِ قَبْلَهُمَا، ثُمَّ صلَلَى رَكْعَتَيْنِ دُونَ اللَّتَيْنِ قَبْلَهُمَا، ثُمَّ صلَلَى رَكْعَتَيْنِ دُونَ اللَّتَيْنِ قَبْلَهُمَا، ثُمَّ صَلَّى رَكْعَتَيْنِ دُونَ اللَّتَيْنِ قَبْلَهُمَا، ثُمَّ أَوْتَرَ، فَذَلِكَ ثَلَاثَ عَشْرَةَ رَكْعَةً

_ صحيح : م

বাংলা

১৩৬৬। যায়িদ ইবনু খালিদ আল-জুহানী (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম এর রাতের সালাত স্বচক্ষে দেখার সংকল্প করলেন। তিনি বলেন, আমি তাঁর ঘরের চৌকাঠ বা তাঁবুর দরজাতে মাথা রেখে শুয়ে থাকলাম। রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম সংক্ষেপে দু' রাক'আত সালাত আদায় করলেন। অতঃপর দু' রাক'আত আদায় করলেন খুবই দীর্ঘভাবে। অতঃপর আরো দু' রাক'আত। তবে এর দীর্ঘতা পূর্বের দু' রাক'আতের চেয়ে কম। অতঃপর দু' রাক'আত পড়লেন, এটা পূর্বের দু' রাক'আতের চেয়ে সংক্ষিপ্ত ছিলো। অতঃপর আরো দু' রাক'আত আদায় করলেন পূর্বেরটির চেয়ে সংক্ষিপ্ত করে। অতঃপর বিতর আদায় করলেন। এ নিয়ে সর্বমোট তের রাক'আত সালাত।[1]

সহীহ: মুসলিম।



English

Khalid al-Juhani said:

I shall watch the prayer of the Messenger of Allah (ﷺ) at night. I slept at the threshold of his door or of his tent. The Messenger of Allah (ﷺ) prayed two light rak'ahs, and then prayed two long, long rak'ahs. He then prayed two rak'ahs that were not so long as the two rak'ahs before them; he then prayed two rak'ahs that were less in duration, than the rak'ahs before them; again he prayed two rak'ahs that were less in length then the preceding rak'ahs; he then prayed two rak'ahs that were less in length than the previous rak'ahs. This made altogether thirteen rak'ahs.

ফুটনোট

[1] মুসলিম (অধ্যায় : মুসাফিরের সালাত, অনুঃ রাতের সালাত ও কিয়ামের দু'আ), তিরমিয়ী 'শামায়িলি মাহমুদিয়ায়' (হাঃ ২৫৮), ইবনু মাজাহ (অধ্যায় : সালাত কায়িম, অনুঃ রাতে কত রাক'আত সালাত পড়বে, হাঃ ৩৬২). 'আবদুল্লাহ ইবনু আহমাদ 'যাওয়ায়িদে মুসনাদ' (৫/১৯৩)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ যায়দ ইবনু খালিদ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন